



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

### প্রেস রিলিজ

তারিখ: ০৬.০৭.২০১৭ খ্রি:

## ববি উপাচার্যের শোক প্রকাশ

বিশিষ্ট নজরুল গবেষক ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. রাজীব হুমায়ুন এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, ড. রাজীবের মৃত্যুতে দেশ একজন বিশিষ্ট ভাষাবিজ্ঞানী ও নজরুল গবেষককে হারালো, যার শূন্যতা অপূরণীয়। তাঁর সম্পর্কে স্মৃতিচারণ করতে গিয়ে উপাচার্য মহোদয় আরও বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করার সময় আমি এবং ড. রাজীব একে অপরের ভালো সুহৃদ ছিলাম। উপাচার্য মহোদয় তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন এবং তাঁর রুহের মাগফিরাত কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস